



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা



www.emrd.gov.bd

বিষয়: ২০২১-২২ অর্থবছরের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি ড. মহঃ শের আলী
যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার
সভার তারিখ ৪ অক্টোবর ২০২১
সভার সময় সকাল ১১.০০ ঘটিকা
স্থান কক্ষ নং ১০৩, ভবন নং ৬, বাংলাদেশ সচিবালয়
উপস্থিতি সংযুক্তি-১

২০২১-২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত দ্বিতীয় সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য-সচিব মোছাম্মাৎ ফারহানা রহমান (উপসচিব) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বলেন যে, গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে এ অর্থবছরে ইনোভেশন কর্মপরিকল্পনায় চারটি চ্যালেঞ্জ রয়েছে। উক্ত চ্যালেঞ্জসমূহ হল:

(ক) একটি সহজিকরণ সেবা বাস্তবায়ন;

(খ) একটি উদ্ভাবনী সেবা বাস্তবায়ন;

(গ) একটি ডিজিটাল সেবা বাস্তবায়ন; এবং

(ঘ) মোট ৮টি প্রশিক্ষণ/কর্মশালা (চতুর্থ শিল্পবিপ্লব ও উদ্ভাবন সংক্রান্ত) বাস্তবায়ন।

২। উদ্ভাবনী আইডিয়া প্রেরণের জন্য এ বিভাগের প্রতিটি শাখা/অধিশাখায় সকল কর্মকর্তাকে পত্র প্রেরণ করা হয়েছে। তবে এখন পর্যন্ত কোন আইডিয়া পাওয়া যায়নি। এ অর্থবছরে ডিজিটাল/অনলাইন সেবা হিসেবে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার করার বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন এবং প্রশাসন-১ অধিশাখায় রিকুইজিশন প্রদানের প্রস্তাব করেন। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ কর্মশালা এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের জন্য বাজেট অধিশাখায় পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিবরণ	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
৩.১	আগামী ২১ নভেম্বর ২০২১ তারিখে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৩য় সভা আয়োজন করতে হবে;	সদস্য-সচিব
৩.২	একটি ডিজিটাল/অনলাইন সেবা হিসেবে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরির জন্য ভেন্ডর কোম্পানি বাছাই করে আগামী ৩০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে প্রশাসন-১ অধিশাখায় রিকুইজিশন প্রদান করতে হবে;	সদস্য সচিব
৩.৩	একটি সেবা সহজিকরণ ও একটি উদ্ভাবনী সেবা বাস্তবায়নের লক্ষ্যে আইডিয়া প্রদান করতে হবে;	কমিটির সকল সদস্য
৩.৪	দেশে-বিদেশে বাস্তবায়িত এমন যে কোন একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করতে হবে; এবং	কমিটির সকল সদস্য
৩.৫	৪র্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক অবহিতকরণ কর্মশালা এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের সময়সূচি বাজেট অধিশাখায় প্রেরণ করতে হবে।	সদস্য-সচিব

০৪। সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. মহঃ শের আলী)


যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৪৪.৯৯.০০১.২১.০১

তারিখ: ২০ আশ্বিন ১৪২৮
০৫ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) সহকারি মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, অপারেশন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৯) অফিস কপি।



মোহাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব